

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৭২.০২.০০.০১.০০.০১৭.২০১১-১৮২

তারিখঃ ০৯.০৪.২০১৪খ্রিঃ

প্রেরক : সালমা সিদ্দিকা মাহতাব
সিনিয়র সহকারী সচিব

প্রাপক : প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিডিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় “ইন-সার্ভিস ট্রেনিং (কোড নং- ৫-৭১১-৫২৫০)” শীর্ষক কর্মসূচি বাস্তবায়নের জন্য চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরে এডিপি বরাদ্দ অনুযায়ী আরপিএ (জিওবি) বাবদ ৩য় কিস্তির ৮৪০.৯৩ লক্ষ টাকা ছাড়করণ সংক্রান্ত।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় “ইন-সার্ভিস ট্রেনিং (কোড নং- ৫-২৭১১-৫১৫০) শীর্ষক কর্মসূচির অনুকূলে চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরের এডিপিতে বরাদ্দকৃত আরপিএ (জিওবি) খাতের অর্থ হতে ৩য় কিস্তি বাবদ ৮৪০.৯৩লক্ষ (আট কোটি চল্লিশ লক্ষ তিরানব্বই হাজার) (রাজস্ব ব্যয় ৮৪০.৯৩ লক্ষ) টাকার সরকারী মঞ্জুরী জ্ঞাপন করতে আদিষ্ট হয়েছি। এই ব্যয় চলতি ২০১৩-২০১৪ অর্থ বছরে ২৭-স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর উন্নয়ন কর্মসূচির আওতায় “ইন-সার্ভিস ট্রেনিং (কোড নং- ৫-২৭১১-৫১৫০) ” শীর্ষক কর্মসূচি হতে বহন করা হবে।

০২। অপারেশনাল প্লানে বর্ণিত দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী এবং উন্নয়ন সহযোগী দেশ/সংস্থার সাথে সম্পাদিত কার্যকর চুক্তির শর্তমোতাবেক সরকারী সকল আর্থিক বিধিবিধান ও নিয়মাচার যথাযথভাবে প্রতিপালনপূর্বক এই অর্থ ব্যয় করতে হবে।

০৩। নাইম ডাইরেক্টর কর্তৃক স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নির্ধারিত ফরমেটে নির্ধারিত সময়ের মধ্যে ব্যয়ের হিসাব, চুক্তি ও ব্যয়ের সমর্থনে অন্যান্য দলিলপত্রসহ প্রকৃত ব্যয়ের রিপোর্ট (ফিন্যান্সিয়াল মনিটরিং রিপোর্ট) মন্ত্রণালয়ের এফ,এম,এ,ইউ- তে প্রেরণনিশ্চিতকরতে হবে।

০৪। এই আদেশ অর্থ বিভাগের ১৩.১১.২০১২ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫৪০ সংখ্যক স্মারকে প্রদত্ত ক্ষমতাবলে এবং অর্থ বিভাগের ০৭.০৩.২০১৪ তারিখের ০৭.১০৪.০১৪.২৭.১১.০৪.২০১২- ১৪৩ সংখ্যক স্মারকে প্রদত্ত সম্মতিক্রমে নিয়োক্ত শর্তে জারী করা হলো:

(ক) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act-2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;

(খ) অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সরকারী কোষাগারে সমর্পণ করতে হবে;

(গ) ছাড়কৃত অর্থের পুনর্ভরণ দাবী অবিলম্বে পেশসহ পুনর্ভরণ নিশ্চিত করতে হবে;

(ঘ) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন ;
এবং

(ঙ) আরএডিপিতে ছাড়কৃত অর্থের বরাদ্দ প্রতিফলন নিশ্চিত করতে হবে।

২৫/৪

(সালমা সিদ্দিকা মাহতাব)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৪৯৫৫৩

saspil@mohfw.gov.bd


অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

নং-৪৫.১৭২.০২.০০.০১.০০.০১৭.২০১১-১৮২/১(১০)

তারিখঃ ০৯.০৪.২০১৪খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। মহাব্যবস্থাপক, সরকারী হিসাব বিভাগ, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
- ৩। লাইন ডাইরেক্টর, ইন-সার্ভিস ট্রেনিং, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। উপ-সচিব (এফএমএইউ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। উপ-প্রধান, স্বাস্থ্য উইং, অর্থ সামাজিক অবকাঠামো ও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৬। সিনিয়র সহকারী সচিব, (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
- ৮। যুগ্মসচিব (আঃব্যঃঅঃ) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। যুগ্ম-সচিব (প্রকল্প বাস্তবায়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। যুগ্ম-প্রধান (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।


02/04/2014
(সালমা সিদ্দিকা মাহতাব)
সিনিয়র সহকারী সচিব